# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

## হাদিস নাম্বারঃ ২১১৮

৮. খাদ্য অধ্যায় (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ৩৭. (রান্নার সময়) হাঁড়িতে বেশি পরিমাণে ঝোল রাখা প্রসঙ্গে

بَاب فِي إِكْثَارِ الْمَاءِ فِي الْقِدْرِ

### আরবী

أَخْبَرَنَا أَبُو نُعَيْمٍ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي عِمْرَانَ الْجَوْنِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ الصَّامِتِ عَنْ أَبِي ذَرٍّ قَالَ أَوْصَانِي خَلِيلِي صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ إِذَا طَبَخْتَ مَرَقَةً فَأَكْثِرْ مَاءَهَا ثُمَّ انْظُرْ أَهْلَ بَيْتٍ مِنْ جِيرَتِكَ فَاغْرِفْ لَهُمْ مِنْهَا

### বাংলা

২১১৮. আবূ যার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। আমার প্রিয়তম বন্ধু (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) আমাকে ওয়াসীয়াত করেছেন। তিনি বলেছেনঃ “তুমি ঝোলের তরকারী রান্না করলে (বেশি ঝোলের উদ্দেশ্যে) তাতে পানি বেশী দিও এবং তোমার প্রতিবেশীদের প্রতি খেয়াল রেখে তাদেরকে তা থেকে কয়েক অঞ্জলী হলেও পৌঁছিও।”[1]

### ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, বিরর ওয়াল সুলহ ২৬২৫।

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫১৩, ৫১৪; মাওয়ারিদুয যাম’আন নং ২০৪২ ও মুসনাদুল হুমাইদী নং ১৩৯ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ যার আল-গিফারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82401

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন